

# চিঠি

প্রিয় সময়,

মুহূর্তে জড়িয়ে নিয়ে মুহূর্তে ছাড়িয়ে যাও তুমি। স্পর্শহীন ভালোবাসার মতো মায়ায় আগলে রাখো আমাকে। কী বিশ্বয়ে দেখি, তোমার ক্লাস্তিহীন নিরন্তর ছুটে চলা! কারো জন্য অপেক্ষা নেই, শুধু নিজের পথেই, নিজেকে ভালোবেসে ছুটে চলা। জানি, চলাই জীবন; তবু তো কখনও কখনও থমকে যায় সময়, শ্যাওলায় ঢেকে যাওয়া জলাশয় এর মতো। মনের আকাশে জমে ওঠা মেঘে ঢেকে যায় আদিগন্ত। তখন তোমাকে অনুভব করি। অন্ধকারে দেয়ালের গায়ে লেগে থাকা যন্ত্রে তোমার সরব উপস্থিতি যেন সেই মৌমাছির মতো বলে, 'দাঁড়াবার সময় তো নাই'। তাই বুঝি আমরা শুধু ছুটছি: অনিশ্চিত, অচেনা গন্তব্যে! সময়কে সময় দেয়ার সময় নেই আজ আমাদের। ছুটতে ছুটতে হারিয়ে ফেলি তোমাকে, হারিয়ে ফেলি নিজেকে। তোমার অতল থেকে চিরচেনা কিছু স্মৃতি কুড়িয়ে নিয়ে আগামীর হ্রাণ মেখে স্বপ্নের বীজ বপন করি রোজ। ফ্ল্যাশব্যাকে থেকে যায় বাবার হাত ধরে হেঁটে যাওয়া নদীর পার, মায়ের গায়ের গন্ধ।

সময়, অন্ধকারের তোমাকে একান্ত নিজের করে, আলোর স্মৃতিগন্ধে ভরা তোমাকে ভালোবেসে, ভালোয় বাস করার শক্তি পাই। তোমাকে হারিয়ে আবার তোমাকেই ফিরে ফিরে পাই। এ যেন- 'তোমায় নতুন করেই পাব বলে, হারাই ক্ষণে ক্ষণ'।

ইতি তোমারই